গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
জে এম শাখা
www.munshiganj.gov.bd

## জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : কাজী নাহিদ রসুল
জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ
তারিখ ও সময় : ১২ ডিসেম্বর ২০২১ খ্রি:, সকাল ০৯.৩০ টা
স্থান : জুম কনফারেন্সিং এর মাধ্যমে (Zoom ID: 602 238 3768)
উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : জুম কনফারেন্সিং এর মাধ্যমে

সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট নভেম্বর ২০২১ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কার্যপত্র উপস্থাপন করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ**<br>সভায় নভেম্বর ২০২১ মাসের জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। সদস্যগণ কার্যবিবরণীতে কোন সংশোধনী নেই মর্মে সভাকে অবহিত করেন। | নভেম্বর ২০২১ মাসের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | |
| ০২ | **জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি**<br>পুলিশ সুপার, মুন্সীগঞ্জ হতে প্রাপ্ত প্রতিবেদন (পরিশিষ্ট-খ) অনুযায়ী অক্টোবর ২০২১ মাসের তুলনায় নভেম্বর ২০২১ মাসে মোট অপরাধের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। | জেলার সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ রাখার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের নিবিড় তদারকি অব্যাহত রাখতে হবে। মাদক মামলাসহ পৃথক পৃথক মামলায় যে সকল অপরাধের পরিসংখ্যান বৃদ্ধি পেয়েছে সে সকল অপরাধের বিষয়ে সংশ্লিষ্ট আইন শৃঙ্খলা বাহিনী ও বিজ্ঞ কৌশুলীদের তদারকি করতে হবে। | ১।পুলিশ সুপার, মুন্সীগঞ্জ<br>২।বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট<br>৩। পুলিশ সুপার, নৌপুলিশ, মুন্সীগঞ্জ<br>৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>৫। উপ-পরিচালক, এনএসআই, মুন্সীগঞ্জ<br>৬।বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর<br>৭। ক্যাম্প কমান্ডার, র‍্যাব-১১, শ্রীনগর, মুন্সীগঞ্জ |
| ০৩ | **মোবাইল কোর্ট পরিচালনা**<br>অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ সভায় জানান যে, নভেম্বর ২০২১ মাসে জেলায় মোট ৫২টি মোবাইল কোর্ট পরিচালিত হয় এবং ১৪৮টি মামলায় ১৪৮ জনকে ৫,৬৫,৫০০/-(পাঁচ লক্ষ পঁয়ষট্টি হাজার পাঁচশত) টাকা অর্থদন্ড এবং ০৮ | করোনা ভাইরাসের বিস্তার রোধে সরকার ঘোষিত নির্দেশনা বাস্তবায়ন, আইন-শৃঙ্খলা রক্ষা এবং অপরাধমূলক কার্যক্রম নিয়ন্ত্রণে মোবাইল কোর্ট | ১। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ<br>২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | জনকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড প্রদান করা হয়েছে (পরিশিষ্ট-গ)। নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে প্রতিটি দোকানে ভোগ্যপণ্যের মূল্য তালিকা দৃশ্যমান স্থানে প্রদর্শনসহ সঠিক বাজার ব্যবস্থাপনা নিশ্চিত করা প্রয়োজন। বাজারে স্বাস্থ্যবিধি সঠিকভাবে প্রতিপালন নিশ্চিত করার জন্য কঠোর নজরদারি অব্যাহত রাখা প্রয়োজন। মোবাইল কোর্ট পরিচালনার তথ্য পর্যালোচনায় দেখা যায়, উপজেলা পর্যায়ে মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা বিগত মাসের চেয়ে হ্রাস পেয়েছে।<br><br>সভাপতি উপজেলা পর্যায়ে মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা বাড়ানোর জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার(ভূমি) দের অনুরোধ জানান। | পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ৪। সহকারী কমিশনার(ভূমি)(সকল), মুন্সীগঞ্জ |
| ০৪ | **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ**<br><br>সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, মুন্সীগঞ্জ বলেন, নভেম্বর ২০২১ মাসে মাদকের বিরুদ্ধে ৫৫টি অভিযান পরিচালিত হয়। এতে ১৮টি মামলা রুজু হয়। উক্ত মামলাসমূহে ১১ কেজি ৫১০ গ্রাম গাঁজা, ৫১ লিটার চোলাইমদ এবং ২০ পিস ইয়াবা উদ্ধার করা হয়। উদ্ধারকৃত আলামতের আনুমানিক মূল্য ৩,৮০,৮০০/-(তিন লক্ষ আশি হাজার আটশত টাকা)। এছাড়াও মাদকের বিরুদ্ধে ০৭ টি উদ্বুদ্ধকরণ ও প্রচারণামূলক সভার আয়োজন করা হয়েছে। তিনি আরো জানান, মাদক মামলার রায়ের কপি পাওয়া গেলে মামলার অগ্রগতি প্রতিবেদন প্রেরণ সহজ হবে। এ বিষয়ে তিনি বিজ্ঞ পিপি-র সহযোগিতা কামনা করেন।<br><br>সভাপতি মাদক বিরোধী অভিযান বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান এবং মাদক সংক্রান্ত মামলার অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসে এ কার্যালয়ে প্রেরণের জন্য সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়-কে অনুরোধ জানান। এছাড়াও তিনি প্রতিমাসে মাদক বিরোধী সচেতনতামূলক সভা আয়োজন করার পাশাপাশি সভার স্থান, সময়, অংশগ্রহণকারী ও আলোচনাকারী ইত্যাদি সুনির্দিষ্ট করে এ কার্যালয়ে প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী | (১) মাদকের বিরুদ্ধে গোয়েন্দা কার্যক্রম জোরদার করতে হবে।<br><br>(২) মাদক বিরোধী টাস্কফোর্স অভিযানের সংখ্যা বৃদ্ধি করতে হবে।<br><br>(৩) নিয়মিত মাদক বিরোধী সচেতনতামূলক সভা করতে হবে।<br><br>(৪) মাদক বিরোধী প্রচারণামূলক TVC / কন্টেন্টসমূহ জেলা ও উপজেলার স্থানীয় টিভি চ্যানেলে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(৫) মাদক সংক্রান্ত মামলার অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br><br>(৬) প্রতিমাসে মাদক বিরোধী সচেতনতামূলক সভা আয়োজন করার পাশাপাশি সভার স্থান, সময়, অংশগ্রহণকারী ও | ১। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ<br><br>২। অতিরিক্তি জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ<br><br>৩। উপজেলা নির্বাহী অফিসার(সকল), মুন্সীগঞ্জ<br><br>৪।সহকারী পরিচালক,জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, মুন্সীগঞ্জ<br><br>৫। ক্যাম্প কমান্ডার, র‍্যাব-১১, ভাগ্যকুল, শ্রীনগর |

| | | | |
|---|---|---|---|
| | অফিসার ও সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে অনুরোধ জানান। | আলোচনাকারী ইত্যাদি সুনির্দিষ্ট করে এ কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | |
| ০৫ | **বাল্যবিবাহ**<br><br>উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ বলেন, নভেম্বর ২০২১ মাসে লৌহজং উপজেলায় ০২টি এবং সিরাজদিখান উপজেলায় ০১টি অর্থাৎ মুন্সীগঞ্জ জেলায় মোট ৩টি বাল্যবিবাহ প্রতিরোধ করা হয়েছে। এছাড়াও লৌহজং উপজেলায় ৯টি ও টংগীবাড়ী উপজেলায় ৬টিসহ মুন্সীগঞ্জ জেলায় নারী নির্যাতন সংক্রান্ত মোট ২১টি স্থানীয় অভিযোগ পাওয়া গিয়েছে। লৌহজং উপজেলার ৯টি অভিযোগের মধ্যে ৩টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে এবং বাকীগুলো প্রক্রিয়াধীন রয়েছে। টংগীবাড়ী উপজেলার ৬টি অভিযোগের মধ্যে ১টি নিষ্পত্তি হয়েছে এবং বাকীগুলো প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>সভাপতি প্রতিমাসে বাল্যবিবাহ ও যৌন হয়রানি এর বিরুদ্ধে সচেতনতামূলক সভা আয়োজন করার পাশাপাশি সভার স্থান, সময়, অংশগ্রহণকারী ও আলোচনাকারী ইত্যাদি সুনির্দিষ্ট করে এ কার্যালয়ে প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তরকে অনুরোধ জানান। | (১) বাল্যবিবাহ প্রতিরোধে তৎপরতা অব্যাহত রাখতে হবে এবং বাল্যবিবাহের সংবাদ পেলে তাৎক্ষণিক তা বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(২) বাল্যবিবাহ,যৌন হয়রানি, ইউটিজিংসহ এ ধরনের সামাজিক ব্যাধির বিরুদ্ধে প্রচার প্রচারণা অব্যাহত রাখতে হবে ও সচেতনতামূলক সভা বৃদ্ধি করতে হবে।<br><br>(৩) ধর্ষণ ও নারী নির্যাতনের সাথে সংশ্লিষ্ট অপরাধীদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে হবে।<br><br>(৪) জুম্মার দিনে মসজিদগুলোতে খুৎবা দেয়ার পূর্বে ইমামগণের বয়ানে বাল্যবিবাহ ও যৌন হয়রানি এর বিরুদ্ধে সচেতনতামূলক বক্তব্য প্রদান নিশ্চিত করতে হবে।<br><br>(৫) প্রতিমাসে বাল্যবিবাহ ও যৌন হয়রানি এর বিরুদ্ধে সচেতনতামূলক সভা আয়োজন করার পাশাপাশি সভার স্থান, সময়, অংশগ্রহণকারী ও আলোচনাকারী ইত্যাদি সুনির্দিষ্ট করে এ কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১।পুলিশ সুপার, মুন্সীগঞ্জ।<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ।<br><br>৩। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ।<br><br>৪। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর,মুন্সীগঞ্জ।<br><br>৫। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মুন্সীগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | **কারেন্ট জাল বিরোধী অভিযান**<br>জেলা মৎস্য কর্মকর্তা, মুন্সীগঞ্জ সভাকে অবহিত করেন যে, মৎস্য সংরক্ষণ আইন, ১৯৫০ এর আওতায় নভেম্বর/২০২১ মাসে ০৬টি অভিযান পরিচালনা করা হয় এবং ৯,২৪,০০০ ( নয় লক্ষ চব্বিশ হাজার) মিটার কারেন্ট জাল জব্দ করে পুড়িয়ে ধ্বংস করা হয়।<br>কারেন্ট জাল উৎপাদন, ব্যবহার, বিপণন, বাজারজাতকরণ, দখল ইত্যাদি রোধকল্পে গৃহীত কার্যক্রম এর আওতায় নভেম্বর ২০২১ মাসে সদর উপজেলার বিভিন্ন কারেন্টজাল তৈরির কারখানায় ০২টি অভিযান পরিচালনা করা হয় এবং ৩,৪৪,০০০ মিটার কারেন্টজাল জব্দ করা হয়।<br>জাটকা সংরক্ষণ কার্যক্রম ২০২১ এর আওতায় নভেম্বর ২০২১ মাসে ১১টি গণসচেতনতা সভা, ৮০টি হাট-বাজার পরিদর্শন, ১৭ টি অভিযান, ০১টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। এছাড়াও ১,৪৫,০০০ মিটার কারেন্টজাল জব্দ এবং পুড়িয়ে ধ্বংস করা হয়।<br>সভাপতি এ বিষয়ে অভিযান পরিচালনা করার পাশাপাশি কারেন্ট জাল ব্যবহার বন্ধে প্রচার-প্রচারণা বৃদ্ধির পরামর্শ প্রদান করেন। | (১) কারেন্ট জাল উৎপাদন বন্ধে যৌথ অভিযান পরিচালনা করতে হবে।<br>(২) কারেন্ট জাল উৎপাদনের সাথে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৩) জেলে পল্লীগুলোতে সরেজমিনে গিয়ে কারেন্ট জাল ব্যবহার বন্ধে প্রচার-প্রচারণা চালাতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রতিমাসের ০৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।<br>(৪) চায়না দোয়াইর বন্ধে অভিযান পরিচালনা করতে হবে। | ১। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ<br>২।পুলিশ সুপার, নৌপুলিশ<br>৩। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ<br>৪। জেলা মৎস্য কর্মকর্তা, মুন্সীগঞ্জ<br>৫। স্টেশন কমান্ডার, কোস্টগার্ড<br>৬। ক্যাম্প কমান্ডার, র‍্যাব-১১, ভাগ্যকুল, শ্রীনগর |
| ০৭ | **বিবিধঃ**<br>বিজ্ঞ পিপি, মুন্সীগঞ্জ বলেন, মুক্তারপুর ব্রিজের প্রবেশ পথে ইজিবাইক, অটোরিকশা পার্ক করে যাত্রী তোলায় যানজট সৃষ্টি হয়। ফলশ্রুতিতে দূর্ঘটনা ঘটে থাকে। যানজট নিয়ন্ত্রণে সার্বক্ষণিক ট্রাফিক পুলিশ মোতায়েনের জন্য তিনি পুলিশ সুপারকে অনুরোধ জানান।<br>উপপরিচালক, এনএসআই, মুন্সীগঞ্জ বলেন, আগামী ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন অনুষ্ঠান উপলক্ষে গোয়েন্দা তৎপরতা অব্যাহত রয়েছে। এ সংক্রান্ত কোন বিরূপ তথ্য পাওয়া গেলে পুলিশ সুপার ও জেলা ম্যাজিস্ট্রেট মহোদয়কে অবহিত করা হবে। এছাড়াও আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন সম্পর্কে গোয়েন্দা কার্যাক্রম অব্যাহত রয়েছে।<br>সিভিল সার্জন,মুন্সীগঞ্জ বলেন, ১২-১৭ বছর বয়সক্রমের ছাত্রছাত্রীদের ফাইজার টিকা প্রদানের | (ক) ভোটকেন্দ্রে পর্যাপ্ত আইন- শৃঙ্খলা বাহিনী মোতায়েন রাখতে হবে।<br>(খ) ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন অনুষ্ঠানে পর্যাপ্ত আইন- শৃঙ্খলা বাহিনী মোতায়েন রাখতে হবে।<br>(গ) ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, পরিবেশ অধিদপ্তর ও বিআরটিএ- এর দপ্তর প্রধানগণকে নিয়মিত সভায় উপস্থিত থাকার পাশাপাশি দপ্তরের কার্যক্রম সভায় উপস্থাপণ করতে হবে। | (১) পুলিশ সুপার, মুন্সীগঞ্জ<br>(২) পুলিশ সুপার, নৌপুলিশ, মুন্সীগঞ্জ<br>(৩) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ<br>(৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল),মুন্সীগঞ্জ<br>(৫) জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মুন্সীগঞ্জ<br>(৬) ক্যাম্প কমান্ডার, র‍্যাব-১১, শ্রীনগর, মুন্সীগঞ্জ<br>(৭) উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, মুন্সীগঞ্জ<br>(৮) সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | কার্যক্রম চলমান রয়েছে। মুন্সীগঞ্জ জেনারেল হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সগুলোতে করোনা টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে।<br><br>পুলিশ সুপার,মুন্সীগঞ্জ এঁর প্রতিনিধি বলেন, জেলা ম্যাজিস্ট্রেট মহোদয়ের নেতৃত্বে সকলের সহযোগিতায় গত ২৮ নভেম্বর ২০২১ তারিখ টংগীবাড়ী ও মুন্সীগঞ্জ সদর উপজেলায় শান্তিপূর্ণ নির্বাচন উপহার দিতে পেরেছি। এজন্য সাধারণ জনগন সাধুবাদ জানিয়েছে। মুন্সীগঞ্জ জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। আগামী ২৬ ডিসেম্বর লৌহজং ও সিরাজদিখান উপজেলায় আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনের বিষয়ে পুলিশ তৎপর রয়েছে। নির্বাচনকে কেন্দ্র করে সহিংসতা সৃষ্টির সাথে জড়িতদের কোন ছাড় দেয়া হবে না। সকলের সহযোগিতায় আগামী ২৬ ডিসেম্বর লৌহজং ও সিরাজদিখান উপজেলায় শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠিত হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। প্রতিটি ভোটকেন্দ্রে পর্যাপ্ত সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন থাকবে মর্মে সভাকে অবহিত করেন। এছাড়াও আগামী ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষে গোয়েন্দা কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম অব্যাহত রয়েছে এবং পর্যাপ্ত পুলিশ ফোর্স মোতায়েন থাকবে মর্মে সভাকে অবহিত করেন।<br><br>সভাপতি মুন্সীগঞ্জ সদর ও টংগীবাড়ী উপজেলায় শান্তিপূর্ণ ও নিরপেক্ষ নির্বাচন উপহার দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। লৌহজং ও সিরাজদিখান উপজেলায় আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পাদনের লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়াও ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস শান্তিপূর্নভাবে উদযাপনের জন্য গোয়েন্দা তৎপরতার পাশাপাশি পর্যাপ্ত আইনশৃঙ্খলা বাহিনী মোতায়েনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | | (৯) সহকারী পরিচালক, বিআরটিএ, মুন্সীগঞ্জ<br><br>(১০) স্টেশন কমান্ডার, বাংলাদেশ কোস্টগার্ড, পাগলা, নারায়ণগঞ্জ |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

কাজী নাহিদ রসুল
জেলা ম্যাজিস্ট্রেট
ও
সভাপতি
জেলা আইন-শৃঙ্খলা কমিটি, মুন্সীগঞ্জ
ফোন: ০২৭৬১১১০০

স্মারক নং-০৫.৩০.৫৯০০.৪০৫.০০৩.০৩.২০- ২২৫

তারিখ: ১৫ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
৩০ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
৫. পুলিশ সুপার, মুন্সীগঞ্জ
৬. সিভিল সার্জন, মুন্সীগঞ্জ
৭. পুলিশ সুপার, নৌ-পুলিশ, মুন্সীগঞ্জ
৮. অধ্যক্ষ, সরকারি হরগঙ্গা কলেজ/সরকারি মহিলা কলেজ, মুন্সীগঞ্জ/সরকারি কেবি ডিগ্রী কলেজ, সিরাজদিখান, মুন্সীগঞ্জ
৯ .চেয়ারম্যান, মুন্সীগঞ্জ সদর/ গজারিয়া/ টংগিবাড়ী/ লৌহজং/ সিরাজদিখান/ শ্রীনগর উপজেলা পরিষদ, মুন্সীগঞ্জ
১০. উপজেলা নির্বাহী অফিসার, মুন্সীগঞ্জ সদর/ গজারিয়া/ টংগিবাড়ী/ লৌহজং/ সিরাজদিখান/ শ্রীনগর, মুন্সীগঞ্জ
১১. মেয়র, মুন্সীগঞ্জ/মিরকাদিম পৌরসভা, মুন্সীগঞ্জ
১২. উপ-পরিচালক, এন.এস.আই, মুন্সীগঞ্জ
১৩. অতিরিক্ত পুলিশ সুপার, সদর/ শ্রীনগর/ সিরাজদিখান সার্কেল, মুন্সীগঞ্জ
১৪. জেলা মৎস্য কর্মকর্তা, মুন্সীগঞ্জ
১৫. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মুন্সীগঞ্জ
১৬. উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মুন্সীগঞ্জ
১৭. জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ
১৮. উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ
১৯. তত্ত্বাবধায়ক, জেলা কারাগার, মুন্সীগঞ্জ
২০. স্টেশন কমান্ডার, বাংলাদেশ কোস্টগার্ড, পাগলা, নারায়ণগঞ্জ
২১. বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, মুন্সীগঞ্জ
২২. সভাপতি, জেলা আইনজীবী সমিতি, মুন্সীগঞ্জ
২৩. সভাপতি, হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্টান ঐক্য পরিষদ, মুন্সীগঞ্জ
২৪. সভাপতি, প্রেস ক্লাব, মুন্সীগঞ্জ
২৫. সভাপতি, চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রিজ, মুন্সীগঞ্জ
২৬. সভাপতি, জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, মুন্সীগঞ্জ
২৭.জনাব ..............................................................
..........................................................

২৮. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, মুন্সীগঞ্জ (জেলা প্রশাসন,মুন্সীগঞ্জ এর ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)

৩০/১২/২০২৩

শীলু রায়
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
ও
সদস্য সচিব
জেলা আইন-শৃঙ্খলা কমিটি, মুন্সীগঞ্জ